# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## পাক্ষিক নদী বিজ্ঞপ্তি নং-২৩

মাস ঃ ডিসেম্বর/২০২১ (দ্বিতীয় পাক্ষিক)

১৬-১২-২০২১ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে)

মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার

নথি নং-১৮.১১.০০০০.৩৮২.৩৪.০২০.২০/ ২২৭৩ — তারিখঃ ১৫/১২/২০২১ইং।

| ক্রঃ নং | নৌ-পথের নাম | দুরুত্ব (কিঃ মিঃ) | শোলের নাম ও গভীরতা | নৌ-চলাচলের জন্য উন্মুক্ত | প্রটোকল রুট নং | ড্রাফট সীমা (সর্বোচ্চ) |
|---|---|---|---|---|---|---|
| ১. | নারায়ণগঞ্জ-চট্টগ্রাম | ২৮২ | বয়ারচর এলাকায় ৩.০০ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ* |
| ২ | ঢাকা-নারায়ণগঞ্জ | ৩১ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ১,২,৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ |
| ৩ | নারায়ণগঞ্জ-ঘোড়াশাল | ৪৯ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ |
| ৪ | চাঁদপুর-বরিশাল (কালিগঞ্জ হয়ে) | ৯৩ | রসুলপুর ৩.০০ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪ | ৩.৬৫ মিঃ* |
| ৫. | দাউদকান্দী-সোনামুড়া (বিবির বাজার) | ৯৮ | - | শুধু দিনে | ৯,১০ | (বন্ধ) |
| ৬ | বরিশাল-পটুয়াখালী-গলাচিপা-পায়রা বন্দর | ১৪৯ | শেয়াকাঠী এবং ইছাদি ২.০০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.০০ মিঃ* |
| ৭. | বরিশাল-পায়রা বন্দর (দুর্গাপাশা-দশমিনা-চরকাজল হয়ে) | ১৪২ | কোড়ালিয়া এবং রাঙ্গাবালী ১.২০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৯৬ মিঃ* |
| ৮. | বরিশাল-খুলনা (এমজি ক্যানেল হয়ে) | ১৮৪ | মাছমারা,বুড়িরডাংগা,উলুবুনিয়া,বগুড়াখাল, লুপকাটিং,ডাকরা খালের মুখ,কালীগঞ্জ, বেতিবুনিয়া, প্লানের বাজার এবং ঘষিয়াখালী ৩.৪০ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪ | ৩.৬০ মিঃ* |
| ৯. | মংলা-আংটিহারা-রায়মঙ্গল | ১৩৮ | চালনা, দাকোপ, বটবুনিয়া, কালিবাড়ী, আড়াশিবসা, শিংগেরনালা, বজবজা-৩.৩৫ মিঃ | দিবা/রাত্রি | ১,২,৩,৪ | ৩.৪০ মিঃ* |
| ১০ | খুলনা-নোয়াপাড়া | ৩৩ | ফুলতলা, ধলগ্রাম, রানাগাতি,তালতলা ও নওয়াপাড়া -৩.২০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৬০ মিঃ* |
| ১১ | ঢাকা-রামচর-মাদারীপুর | ১৭২ | খাসেরহাট, মহিসেরচর, ফাইসাতলা, খুনেরচর ও বান্দেরহাট-২.৯৫ মিঃ | দিবা/রাত্রি | | ২.৯৫ মিঃ* |
| ১২ | ঢাকা-নন্দিরবাজার-হুলারহাট | ২০৮ | ইব্রাহিমপুর ২.৪৪ মিঃ | দিবা/রাত্রি | | ৩.০৫ মিঃ* |
| ১৩ | বরিশাল-পটুয়াখালী (ভায়া চরশিবলী) | ৮৪ | কলাগাছিয়া-১.৫০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৬৫ মিঃ* |
| ১৪ | বরিশাল-লালমোহন-ভোলা (ভায়া দূর্গাপাশা) | ৮৮ | নাজিরপুর ২.৭০ মিঃ | দিবা/রাত্রি | | ২.৮০ মিঃ* |
| ১৫ | বরগুনা নালা (খাকদোন নদী) | ৫ | বরগুনা নালা-২.৭০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৮০ মিঃ* |
| ১৬ | বরিশাল-ঝালকাঠি-পাথরঘাটা | ১১৪ | পাথরঘাটা-৩.৮০ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৮০ মিঃ |
| ১৭ | পটুয়াখালী-আমতলী | ৪১ | মির্জাগঞ্জ-১.৫০ মিঃ | দিবা/রাত্রি | | ২.৭৪ মিঃ* |
| ১৮ | হরিনা (চাঁদপুর)-আলুবাজার (ভায়া লক্ষীরচর) | ১০ | লক্ষিরচর-বেড়াচাক্কি-২.৭৪ মিঃ | দিবা/রাত্রি | | ৩.০৫ মিঃ* |
| ১৯ | নারায়ণগঞ্জ-মতলব | ৫৯ | এখলাসপুর নালার মুখে-১.৯৮ মিঃ এবং জহিরাবাদ-কানুদী-২.২৯ মিঃ | দিবা/রাত্রি | | ২.৭৪ মিঃ* |
| ২০ | ভোলা (ইলিশা)-(চররমনী নতুন খাড়ী) লক্ষীপুর ফেরীরুট (মজুচৌধুরীরহাট) | ২১ | চররমনী ড্রেজিং খাড়ী ৩.৩৫ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৯৬ মিঃ* |
| ২১ | চাঁদপুর-মাওয়া-পাটুরিয়া/আরিচা | ১১৯ | খেজুরতলা-বাবুরচর ২.৯০ মিঃ এবং মাদবরেরচর-২.৭৪ মিঃ | শুধু দিনে | ১,২,৭,৮ | ৩.২০ মিঃ* |
| ২২ | পাটুরিয়া-বাঘাবাড়ী | ৫০ | মোহনগঞ্জ ২.৭৪ মিঃ | শুধু দিনে | | ২.৫৪ মিঃ |
| ২৩ | পাটুরিয়া-রুপপুর/পাকশী | ১০২ | দৌলতদিয়ার উপরে এবং বড়াকাপুর ৩.০৫ মিঃ | শুধু দিনে | ৫,৬ | ২.৮৫ মিঃ |
| ২৪ | (ক) পাটুরিয়া-সিরাজগঞ্জ (কাউলিয়া) | ৫০ | চরকাঠারী ২.৪৩ মিঃ, স্থলচর এবং বড় চৌহালি ২.১৩ মিঃ | শুধু দিনে | ১,২,৭,৮ | ১.৮৩ মিঃ |
| | (খ) সিরাজগঞ্জ (কাউলিয়া)-দৈখাওয়া/সাহেবের আগলা | ২৭৭ | কাজলারচর- ২.২৫ মিঃ | শুধু দিনে | | ১.৯৪ মিঃ |
| ২৫ | শিমুলিয়া-ইলিয়াছ আহম্মেদ চৌধুরী (বাংলাবাজার) ফেরী ঘাট | ১১ | আজরা-৩.২৭ মিঃ | দিবা/রাত্রি | | ৩.০৭ মিঃ |
| ২৬ | পাটুরিয়া-দৌলতদিয়া ফেরী রুট | ৪.৫ | পাটুরিয়া এ্যাপ্রোচ চ্যানেল ৩.৮৮ মিঃ | দিবা/রাত্রি | | ৩.৬৮ মিঃ |
| ২৭ | নারায়ণগঞ্জ-ভৈরব | ৯৫ | নাব্যতা সংকট নেই | দিবা/রাত্রি | ৩,৪,৭,৮ | ৩.৯৬ মিঃ |
| ২৮ | ভৈরব-আজমেরীগঞ্জ | ১২৫ | ইকুরদিয়া ৩.৬০ মিঃ | শুধু দিনে | ৩,৪,৭,৮ | ৩.৪৫ মিঃ |
| ২৯ | আজমেরীগঞ্জ-শেরপুর | ৭১ | রানীগঞ্জ ৩.৯০ মিঃ | শুধু দিনে | ৩,৪,৭,৮ | ৩.৭৫ মিঃ |
| ৩০ | শেরপুর-জকিগঞ্জ | ১১৬ | আঙ্গুরা মোহাম্মদপুর- ৩.৩০ মিঃ | শুধু দিনে | ৩,৪,৭,৮ | ৩.০০ মিঃ |
| ৩১ | ভৈরব-ছাতক (ভায়া শিংপুর নালা) | ২৩০ | নাব্যতা সংকট নেই | শুধু দিনে | | ৩.৯৬ মিঃ |
| ৩২ | সদরঘাট-মীরপুর ব্রীজ | ১৬ | চরবাড়িরটেক ৩.৯০ মিঃ | শুধু দিনে | | ৩.৭৫ মিঃ |
| ৩৩ | মীরপুর ব্রীজ-আশুলিয়া | ১৩ | নাব্যতা সংকট নেই | শুধু দিনে | | ৩.৯৬ মিঃ |

* তারকা চিহ্নিত নৌ-পথের শোল এলাকাগুলো জোয়ারের সুবিধাসহ BIWTA এর পাইলট নিয়ে সতর্কতার সাথে চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১। সতর্কতাঃ ১ নং (ক) নৌ-রুটঃ গত ১৫/১০/২০২১ইং ,১৬/১০/২০২১ইং এবং ২০/১০/২০২১ইং বাঅনৌপক ধ্রুবতারা জাহাজ দ্বারা যথাক্রমে হাতিয়া-১ লাইটেড বয়া (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ১৬.৪৪৩ উত্তর এবং ৯১° ১৬.৫৬৭ পূর্ব অবস্থানে, হাতিয়া-২ লাইটেড বয়া (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ১৮.৮৯০ উত্তর এবং ৯১° ১২.৮৭৬ পূর্ব অবস্থানে, কেরিংচর লাইটেড বয়া (সবুজ বয়া সবুজ বাতি) ২২° ২৬.৯৭৮ উত্তর এবং ৯১° ০৯.৭৪৩ পূর্ব অবস্থানে, আলরশিদ লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ০৭.৫৩৯ উত্তর এবং ৯১° ৩০.৩৩৫ পূর্ব অবস্থানে স্থাপন করা হয়েছে। এছাড়া গত ০৩/১১/২০২১ইং ও ১০/১১/২০২১ইং তারিখে যথাক্রমে মাদার ভেসেল লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ০৮.৯০৬ উত্তর এবং ৯১° ৩৭.৯৫২ পূর্ব অবস্থানে, আলোর মিছিল লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ২৬.৩৬০ উত্তর এবং ৯১° ০৮.২৮০ পূর্ব অবস্থানে এবং বয়ারচর-১ লাইটেড বয়া (লাল বয়া লাল বাতি) ২২° ২৮.১৪৪ উত্তর এবং ৯১° ০৬.৫৬৮ পূর্ব অবস্থানে স্থাপন করা হয়েছে। এমতাবস্থায় চট্টগ্রাম-জনতাবাজার (চরগজারিয়া) নৌ-পথে চলাচলের সময় এবং উজানে সর্ব্বোচ্চ ৩.৯৬ মিটার ড্রাফট নিয়ে ভাষানচর শোল এলাকায় স্থাপিত ফুলতলা-১ রেক লাল বয়াকে বামে এবং সবুজ বয়াকে ডানে রেখে জোয়ার শুরুর কমপক্ষে ২ঘন্টা পর মাষ্টার পাইলটসহ সতর্ককতার সহিত উক্ত স্থান অতিক্রমের পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য চট্রগ্রাম-চরগজারিয়া নৌ-পথে বালুবাহি বাল্কহেডে সকল ধরনের মালামাল বোঝাই করে চলাচলের জন্য প্রায়ই উক্ত নৌ-চ্যনেলে নৌ-দুর্ঘটনা ঘটছে পাশাপশি নৌ-চ্যানেলটি ঝুকির মধ্যে ফেলছে। এমতাবস্থায় উক্ত নৌ-পথে বালুবাহি বাল্কহেড চলাচল বন্ধ করন এবং বাল্কহেডে মালামাল পরিবহন না করার জন্য আইনপ্রয়োগকারী সংস্থাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

সতর্কতাঃ ১ নং (খ) নৌ-রুটঃ জনতাবাজার-চৌকিঘাটা-চাঁদপুর নৌ-পথের হুজুরেরখাল এলাকায় ০১টি লাল লালটেড বয়া এবং চৌকিঘাটা এলাকায় ১টি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। জনতাবাজার হতে উজানে আসতে হুজুরের খালের লাল লাইটেড বয়াটি হাতের বামে এবং চৌকিঘাটা সবুজ লাইটেড বয়াটি হাতের ডানে রেখে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে। গত ২৭/১১/২০২১ইং তারিখে হুজুরের খাল শোলে "এমভি আফরিয়া শানিন" নামক নৌ-যান ডুবে যায়। উক্ত ডুবন্ত নৌ-যানটিকে চিহ্নত করার লক্ষে উক্ত স্থানে একটি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর/বরিশাল আসার সময় উক্ত স্ফেরিক্যাল বয়াটি হাতের বামে রেখে সাবধানতার সাথে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২। সতর্কতাঃ ২ নং এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বুড়িগঙ্গা নদীর আলীগঞ্জ এলাকায় রেলওয়ে ব্রীজের নির্মাণ কাজ চলমান থাকায় নিরাপদ নৌ-চলাচলের লক্ষ্যে নির্মাণাধীন রেল ব্রীজের উজানে ও ভাটিতে ডান পার্শ্বে ৬টি সবুজ লাইটেড বয়া এবং বাম পার্শ্বে ৬টি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল ধরনের নৌ-যানকে স্থাপিত বয়াসমূহ যথাযথভাবে অনুসরনপূর্বক এবং চলাচলকারী অন্যান্য নৌ-যানসমূহ হতে নিরাপদ দুরত্ব বজায় রেখে অতি সতর্কতার সাথে উক্ত এলাকা অতিক্রমের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। সতর্কতা ঃ-৪ নং (ক) নৌ-রুটঃ জনতাবাজার-চাঁদপুর ও জনতাবাজার-বরিশাল নৌ-পথের ইলিশা (তুলাতলী) একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। জনতাবাজার-চাঁদপুর যাওয়ার পথে বয়াটি হাতের বামে এবং বরিশাল যাওয়ার পথে বয়াটি হাতের ডানে, জনতাবাজার-চাঁদপুর নৌ-পথে ২০/১১/২০২১ইং তারিখে বঙ্গেরচরে একটি লাল লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর আসার পথে বয়াটি হাতের বামে রেখে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে। ৩১/১২/২০ তারিখে উলানিয়া ড্রেজিং খাড়িতে ২টি লাইটেড বয়া ও ২টি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর/ঢাকা থেকে বরিশাল/অন্যান্য স্থানে যাওয়ার সময় সকল বয়া হাতের ডানে রেখে সর্তকতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

সতর্কতাঃ ১ নং (খ) এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৯/১০/২০২১ইং তারিখ আনমানিক রাত ০২.০০ ঘটিকায় চাঁদপুর-জনতাবাজার নৌ-পথের শ্যাওড়া বয়ার এক মাইল উপরে "এমভি টিটু" নামক একটি ক্লিংকার বোঝাই নৌ-যান চট্রগ্রাম হতে নারায়ণগঞ্জ যাওয়ার পথে নোঙরে থাকা অবস্থায় অন্য একটি নৌ-যানের সাথে ধাক্কা লেগে ডুবে যায়। ডুবন্ত নৌ-যানটিকে চিন্হিত করেনের লক্ষ্যে উক্ত স্থানে একটি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। বয়াটি জনতাবাজার-চাঁদপুর যেতে (উজানে) হাতের ডানে এবং চাঁদপুর-জনতাবজার/চট্রগ্রাম যেতে হাতের বামে থাকবে। বয়াটির অবস্থান 22°55.670 N এবং 090°36.923 E|

সতর্কতা ঃ-৪ নং (গ) চরবাড়িয়া হতে ০১ কিঃ মিঃ আপে বিদ্যুৎ বিভাগের ০৩টি পিলারের পাইল লেগের মধ্যে ০১টির সবুজ বাতি লাগানো হয়েছে। উক্ত পিলারদ্বয়কে বরিশাল হতে ঢাকা যেতে হাতের ডানে এবং ঢাকা থেকে বরিশাল আসতে হাতের বাম পার্শ্বে রেখে সাবধানে চলাচরের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। চরবাড়িয়া ডুব চরে ০২টি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা হয়েছে। উক্ত বয়া ০২টি বরিশাল হতে ঢাকা যেতে হাতের ডানে ঢাকা হতে বরিশালে আসতে হাতের বামে রেখে চলাচলের জন্য নির্দেশ করা যাচ্ছে। পোটকারচর নামক স্থানে (শায়েস্তাবাদ নালার মুখে) ট্রার্নিং পয়েন্টে পোর্টহ্যান্ড সাইডে ০১টি লাল লাইটেড বয়া এবং বাগরজা (চরশিবলী) স্থানে (ষ্টারবোর্ড সাইডে) ০১টি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বাউশিয়া নামক স্থানে স্থাপিত লাইটেড বয়াটি স্থানান্তর করে লতাখালের মুখে পুনঃস্থাপন করে সবুজ বাতি দেয়া হয়েছে। লতাখাল নামক পুনঃস্থাপিত সবুজ বয়াটি বরিশাল হতে ঢাকা যেতে হাতের ডান পার্শ্বে রেখে সাবধানে চলাচলের জন্য নির্দেশ দেয়া হয়েছে। নেভিগেশন রুলস অনুযায়ী সাবধানে চলাচলের জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

৪। সতর্কতাঃ ১০নং নৌ-রুটঃ তরতীপুর অটো রাইস এন্ড ডাল মিল এর নিকট ডুবন্ত "ডায়মন্ড অফ নারিশা" জাহাজে একটি জিআরপি রেক বয়া স্থাপন করা হয়েছে। খুলনা হতে নওয়াপাড়াগামী সকল নৌ-যান সমুহকে উক্ত স্ফেরিক্যাল রেক বয়া হাতের বামে এবং নওয়াপাড়া হতে খুলনাগামী নৌ-যান সমূহকে উক্ত বয়া হাতের ডানে রেখে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে। এছাড়া উক্ত নৌ-পথের অভয়নগর থানার নিকট শেখ ব্রাদার্স ঘাটের অপর পার্শ্বে বৃটিশ আমলে নির্মিত নীল কুটিরের অংশ বিশেষ ভেঙ্গে নদী গর্ভে পড়ে আছে। নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষে গত ১৯/১২/২০১৮ইং তারিখ উক্ত স্থানে একটি জিআরপি রেক বয়া স্থাপন করা হয়েছে। খুলনা হতে নওয়াপাড়াগামী সকল নৌ-যান সমুহকে উক্ত রেক বয়াকে হাতের ডানে এবং নওয়াপাড়া হতে খুলনাগামী নৌ-যান সমূহকে উক্ত রেক বয়াকে হাতের বামে রেখে বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে সতর্কতার সাথে চলাচল করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৫। সতর্কতাঃ ১২নং নৌ-রুটঃ ঢাকা-নন্দিরবাজার-হুলারহাট নৌ-পথের মাইজারা নামক স্থানে একটি স্ফেরিক্যাল বয়া স্থাপন করা আছে। নন্দীরবাজারগামী সকল নৌ-যানসমুহকে উক্ত বয়াকে হাতের ডানে রেখে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। এছাড়া সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাউখালী-হুলারহাট-সন্নাসী নৌ-পথের কচা নদীর বেকুটিয়া নামক স্থানে বাংলাদেশ চীন মৈত্রী সেতুর নির্মান কাজ চলমান রয়েছে। উক্ত সেতুর পিলার নং ৫ ও ৬ এর মধ্যবতী স্থান দিয়ে নৌ-যান চলাচলের জন্য নৌ-পথটি উন্মুক্ত রয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত স্থান দিয়ে চলাচলকারী নৌ-যানসমূহ মাঝে মধ্যে পিলার নং ৫ ও ৬ কে আঘাত করছে। এতে করে উক্ত ব্রীজের নির্মান কাজ বাধাগ্রস্থ হচ্ছে। এমতাবস্থায় কাউখালী-হুলারহাট-সন্নাসী নৌ-পথে চলাচলকারী সকল নৌ-যানকে অতি-সাবধানতার সাথে বাংলাদেশ চীন মৈত্রী সেতুর পিলার নং ৫ ও ৬ এর মধ্যবতী স্থান দিয়ে নিরাপদ দুরুত্ব বজায় রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬। সতর্কতাঃ ১৮নং নৌ-রুটঃ চাঁদপুর/হরিনা হতে আলুবাজারগামী নৌ-যানসমূহকে লক্ষীরচর টাওয়ার বিকনটিকে বামে রেখে চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৭। সতর্কতাঃ ১৯নং নৌ-রুটঃ চাঁদপুর-নারায়নগঞ্জ/মেঘনাঘাট নৌ-পথে গত ০৫/০৮/২০২১ তারিখে মহিষেরচর এলাকায় একটি সবুজ বয়া বাহাদুরপুর এলাকায় একটি লাল বয়া স্থাপন করা হয়েছে। চাঁদপুর হতে-ঢাকা/নারায়নগঞ্জ/মেঘনাঘাটগামী সকল নৌ-যানসমুহকে মহিয়েরচর সবুজ লাইটেড বয়াকে হাতের ডানে এবং আমিরাবাদ ও বাহাদুরপুর লাল লাইটেড বয়াকে বামে রেখে সাবধানতার সাথে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৮। সতর্কতাঃ ২০ নং নৌ-রুটঃ গত ২২/১১/২১ইং তারিখে বিরবিরি এলাকায় একটি সবুজ লাইটেড বয়া স্থাপন করা হয়েছে। বয়াটির উবয় পাশ দিয়ে চলাচল করা যাবে।

৯। সতর্কতাঃ ২১ নং নৌ-রুটঃ চাঁদপুর-মাওয়া নৌ-পথে সর্বোচ্চ- ৩.২০ মিঃ ড্রাফ্‌ট সীমার নৌ-যান গুলোকে পূর্ণ জোয়ারেরর সুবিধা নিয়ে এবং মাওয়া-পাটুরিয়া নৌ-পথে ২.৫৪ মিঃ ড্রাফট সীমা চলাচল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

১০। সতর্কতাঃ ২৪ নং নৌ-রুটঃ বর্তমানে নদীর পানি ক্রমান্বয়ে হ্রাস পাওয়ায় বিভিন্ন ডুবেচর জাগ্রত হওয়ায় কাউলিয়া হতে সাহেবের আগলা পর্যন্ত নৌ-পথের শোলগুলো অতিক্রম করার সময় জাহাজসমূহ নিরাপদ দুরত্ব রেখে খুব সাবধানতার সাথে চলাচল করবে। বর্তমানে বঙ্গবন্ধু সেতুর পশ্চিম পাড় হতে পিলার নং-০৯ ও ১০ এর মাঝ দিয়ে জাহাজ সমূহ অতিক্রম করবে।

১১। সতর্কতাঃ ২৫ নং নৌ-রুটঃ এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্মাণাধীন পদ্মা সেতুর বিদ্যমান পিয়ারসমূহের মধ্যে দুই প্রান্তে Gradient (ঢালু) থাকায় মাওয়া প্রান্তে ১-৫ নং পিয়ার এবং মাঝিকান্দি প্রান্তে ৩৯-৪২ নং পিয়ারসমূহ অন্যান্য পিয়ারসমূহের চেয়ে তুলনামুলক নিচু। পর্যাপ্ত Vertical Clearance না থাকায় উল্লেখিত স্পানসমূহের নিচ দিয়ে নৌ-চলাচল ঝুঁকিপূর্ণ। এমতাবস্থায়, ফেরীসহ অন্যান্য নৌ-যানসমূহকে দুই প্রান্তের ১-৫ নং এবং ৩৯-৪২ নং পিয়ারের মধ্যবর্তী স্পানসমূহ পরিহার করে চলাচল করার জন্য স্থায়ীভাবে অনুরোধ করা যাচ্ছে। অন্যদিকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শিমুলিয়া হতে বাংলাবাজারগামী লঞ্চসহ অন্যান্য নৌ-যানসমূহকে পিয়ার নং ১৪-১৫, বাংলাবাজার হতে শিমুলিয়াগামী লঞ্চসহ অন্যান্য নৌ-যানসমূহকে পিয়ার নং ১৭-১৮, শিমুলিয়া হতে আরিচাগামী (উজানের দিক) নৌ-যানসমূহকে পিয়ার নং ০৬-০৭ এবং আরিচা হতে শিমুলিয়াগামী (ভাটির দিক) নৌ-যানসমূহকে পিয়ার নং ০৭-০৮ এর মধ্যবর্তী স্পান দিয়ে চলাচল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১২। সতর্কতাঃ ৩২-৩৩ নং নৌ-রুটঃ এতদ্বারা সংশ্লিষ্ট সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমিনবাজার-আশুলিয়া নৌ-পথের আমিনবাজার পুরাতন বেইলী ব্রীজটি নদীতে ভেঙ্গে পড়ায় ব্রীজের নীচ দিয়ে অত্যান্ত সতর্কতার সাথে নৌ-যান চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে। নিরাপদ নৌ-চলাচলের স্বার্থে ভেঙ্গে পড়া বেইলী ব্রীজটির পিলারে একটি লাল বাতি ও একটি ড্রাম বয়া (সবুজ ও লাল রং) স্থাপন করা হয়েছে।

**বিঃ দ্রঃ-বিস্তারিত জানার জন্য নিম্নলিখিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলঃ**

১। বিআইডব্লিউটি'র হট লাইন নং-১৬১১৩
২। পরিচালক (নৌ-সওপ), ফোন নং- ৯৫৫০৯১৮, মোবাঃ ০১৭১৬-০২৬৭০৪
৩। অতিরিক্ত পরিচালক (নৌ-পথ), ফোন নং- ৯৫৫৭০৬০, মোবাঃ ০১৭০১-৭৪০৭৭৫
৪। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), সদরঘাট ফোন নং-৭১১৩৬৫০, মোবাঃ ০১৭১১-২৬৬০২৬
৫। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), চাঁদপুর ফোন নং-০৮৪১/৬৩২৮৩, মোবাঃ ০১৭৫২-৯৬৯৫০২
৬। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), বরিশাল ফোন নং-০৪৩১/৬৩৬৭৩, মোবাঃ ০১৯১৮-১৬২০৮৬
৭। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), চট্রগ্রাম ফোন নং-০৩১/৬১০৬০০, মোবাঃ ০১৭১৬-৪৫২৪৪৫
৮। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), আরিচা ফোন নং-৭৭১৬০৫২, মোবাঃ ০১৭১২-০৬১৬৪০
৯। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), খুলনা ফোন নং-০৪৩১/৭২০৩৪০, মোবাঃ ০১৯৯০-৯২৬৪০১
১০। যুগ্ম-পরিচালক (নৌ-সওপ), সিরাজগঞ্জ ফোন নং- ০৭৫১/৬২২৫৯, মোবাঃ ০১৭১৮-৭৩৩১৪৪

* দক্ষ/আভজ্ঞ সনদধারা মাষ্টার দ্বারা নো-যান পারচালনা করুন।
* পথিমধ্যে কাল বৈশাখী/স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
* রাতের বেলায় বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।

অতিরিক্ত পরিচালক (নৌ-পথ)
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ